



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৪৫.২৭.০০১.২০-১১১

তারিখ: ২৯ অক্টোবর ২০২৩

**বিষয়:** 'নির্বাচনি অনুসন্ধান কমিটি (Electoral Enquiry Committee)' এর কর্মকর্তাগণের ঘটনাস্থল পরিদর্শনের জন্য<sup>গাড়ী</sup> (যানবাহন) এবং পুলিশ বাহিনীর সদস্য প্রদান।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, একাদশ জাতীয় সংসদের শুন্য ঘোষিত ২৪৪ ব্রাক্ষণবাড়িয়া-২ ও ২৭৬ লক্ষ্মীপুর-৩ আসনে নির্বাচন উপলক্ষে সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮ অনুযায়ী আচরণ বিধির কোন বিধানের লংঘনকে নির্বাচন-পূর্ব অনিয়ম হিসাবে গণ্য করা হয়। নির্বাচনের তফসিল ঘোষণার তারিখ হতে নির্বাচনের ফলাফল ঘোষণা পর্যন্ত সময়কে নির্বাচন-পূর্ব সময় বোঝায়। ফলাফল ঘোষণা বলতে যে তারিখে নির্বাচন কমিশন কর্তৃক কোন প্রার্থীর নির্বাচিত হওয়া সম্পর্কিত গেজেট প্রকাশিত হয় উক্ত তারিখ-কে বোঝানো হয়েছে।

২। নির্বাচন-পূর্ব অনিয়মসমূহ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ নিশ্চিত করার লক্ষ্যে কমিশন কর্তৃক সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার জন্য বিচার বিভাগীয় কর্মকর্তাগণের মধ্য হতে ০১(এক) জন যুগ্ম জেলা ও দায়রা জজ ও ০১(এক) জন সিনিয়র সহকারী/সহকারী জজ এর সমন্বয়ে নির্বাচনি অনুসন্ধান কমিটি (Electoral Enquiry Committee) গঠিত হয়েছে।

৩। নির্বাচনকালীন সময়ে নির্বাচনপূর্ব অনিয়মসমূহ সঠিকভাবে নিয়ন্ত্রণে রাখা গেলে সুস্থ অবাধ ও নিরপেক্ষ নির্বাচন পরিচালনার ক্ষেত্রে সহায়ক ভূমিকা রাখবে। এছাড়া নির্বাচনকালীন সময়ে নির্বাচনপূর্ব অনিয়মসমূহ প্রতিরোধ করা গেলে তা আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ ও সংরক্ষণে বস্তুনিষ্ঠ অবদান রাখবে।

৪। সুস্থ অনুসন্ধানের স্বার্থে নির্বাচনি অনুসন্ধান কমিটির ক্ষেত্র বিশেষে ঘটনাস্থল পরিদর্শনের প্রয়োজনীয়তা দেখা দিতে পারে। অধিকস্তু নির্বাচনের দিন সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮ এর বিধিসমূহ যথাযথভাবে পালিত হচ্ছে কিনা তা পর্যবেক্ষনাত্মে অনুসন্ধান কমিটি কর্তৃক কমিশন বরাবর তৎক্ষণিকভাবে যে সুপারিশ করা হবে উক্তরূপ সুপারিশ অনুযায়ী নির্বাচন কমিশন কর্তৃক গৃহীত পদক্ষেপ যাতে যথাযথভাবে বাস্তবায়িত হয়, সে লক্ষ্যে কমিটির একাধিক ভোটকেন্দ্র পরিদর্শনের প্রয়োজনীয়তা দেখা দিবে।

৫। অনুসন্ধান কাজে ঘটনাস্থল অথবা ভোটকেন্দ্র পরিদর্শনের সময় নিরাপত্তার স্বার্থে কমিটির কর্মকর্তাগণের সহিত পুলিশ বাহিনীর ০২(দুই) জন অন্তর্ধারী সদস্য নিয়োগ করা আবশ্যিক।

৬। এ সকল বিষয় বিবেচনায় কমিটির কর্মকর্তাগণকে চাহিদা এবং প্রয়োজন অনুসারে সার্বক্ষণিকভাবে জীপগাড়ী/ মাইক্রোবাস/স্পীডবোট এবং ক্ষেত্র বিশেষে ট্রাক/পিকআপ ভ্যান/মটর সাইকেল সরবরাহের জন্য জেলা প্রশাসক-কে এবং পুলিশ এক্সট দেওয়ার জন্য পুলিশ সুপার-কে বিশেষভাবে অনুরোধ করা হলো।

 ২৯.১০.২০২৩

মোঃ আব্দুর সালাম)

উপসচিব (আইন)

ফোন : ০২-৫৫০০৭৫৩৬

E-mail: ds\_la@ecs.gov.bd

১। জেলা প্রশাসক, ব্রাক্ষণবাড়িয়া/লক্ষ্মীপুর

২। পুলিশ সুপার, ব্রাক্ষণবাড়িয়া/লক্ষ্মীপুর

৩। রিটার্নিং অফিসার, ২৪৪ ব্রাক্ষণবাড়িয়া-২ ও ২৭৬ লক্ষ্মীপুর-৩ নির্বাচনি এলাকা

১৭.০০.০০০০.০৪৫.২৭.০০১.২০-১১১

তারিখ: ২৯ অক্টোবর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যোতির ক্রমনুসারে নয়):

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
২. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রিমকোর্ট, ঢাকা

অফিসের ঠিকানা:


নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

৩. জেলা ও দায়রা জজ, ব্রাহ্মণবাড়িয়া/লক্ষ্মীপুর
৪. বিভাগীয় কমিশনার, (সংশ্লিষ্ট) বিভাগ
৫. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনসিটিউট, ঢাকা
৭. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৮. উপমহাপুলিশ পরিদর্শক, ....(সংশ্লিষ্ট)
৯. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ....(সংশ্লিষ্ট)
১০. যুগ্ম জেলা ও দায়রা জজ ও চেয়ারম্যান, নির্বাচন তদন্ত কমিটি, ....(সংশ্লিষ্ট)
১১. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ....(সংশ্লিষ্ট) অঞ্চল
১২. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ....(সংশ্লিষ্ট) (জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)
১৪. সিনিয়র সহকারী জজ, নির্বাচন অনুসন্ধান কমিটি, ....(সংশ্লিষ্ট)
১৫. সহকারী রিটার্নিং অফিসার, ....(সংশ্লিষ্ট)
১৬. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,.....(সংশ্লিষ্ট)
১৭. উপজেলা নির্বাচন অফিসার,.....(সংশ্লিষ্ট)
১৮. সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (নি:ব্য:ও স:১)/(বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২০. মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
২১. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২. উপজেলা নির্বাচন অফিসার, .....(সংশ্লিষ্ট)
২৩. অফিসার ইনচার্জ,.....(সংশ্লিষ্ট)
২৪. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

  
 (সাবিন ইয়াসমান)

সিনিয়র সহকারী সচিব (আইন-১)

ফোন : ০২-৫৫০০৭৬০৭